

সহযোগিতা ও সমন্বয় (এইডস এন্ড এ্যাডাপটেশন)

You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. Fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, bằng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]



Awarded for excellence



INVESTOR IN PEOPLE



North River Alliance

Gateway Housing Association

409-413 Mile End Road, London, E3 4PB

Residents: 020 8709 4300

General enquiries: 020 8709 4409

Fax: 020 8709 4400

Email: enquiries@gatewayhousing.org.uk

www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

Aids and adaptations
– Bengali translation

gateway
housing association

সহযোগিতা ও সমন্বয় (এইডস এন্ড এ্যাডাপটেশন)

আমরা জানি যে আপনার অবস্থার পরিবর্তন হতে পারে। আপনার যদি কোন ডিসএবিলিটি থাকে বা চলাফেরা করতে সমস্যা হয় তাহলে আপনার প্রয়োজন মেটাতে আপনার বাড়িতে কিছু সমন্বয়মূলক কাজ করার দরকার হতে পারে।

আপনার বাড়িতে যাতে আপনি সহজে বসবাস করতে পারেন তার জন্য আমরা প্রয়োজনীয় পরিবর্তন করব।

সহযোগিতা ও সমন্বয় (এইডস এন্ড এ্যাডাপটেশন) বলতে কি বোঝায়?

সহযোগিতা ও সমন্বয় বলতে আপনার বাড়ির এমন কিছু পরিবর্তনকে বোঝায় যা বাড়িতে আপনার চলাফেরাকে আরো সহজ করে দিবে।

এর মধ্যে অতি সাধারণ জিনিস যেমন গোসলখানা থেকে বের হওয়ার জন্য গ্রাব রেইল, সামনের দরজা পর্যন্ত লুইল চেয়ারে চলাচলের জন্য ঢালু রাস্তা এবং ফ্লোরের সাথে সহজেই ব্যবহার উপযোগী স্থানে শাওয়ার। এইডস এন্ড এ্যাডাপটেশনে বড় ধরনের কোন পরিবর্তন অন্তর্ভুক্ত হতে পারে যেমন স্টেয়ারলিফট।

আমার ঘরে কোন পরিবর্তনের দরকার হলে কি করতে হবে?

আপনার কিংবা যার সাথে আপনি বাস করেন তার ঘরে কোন পরিবর্তনের দরকার আছে কিনা তা একজন বিশেষজ্ঞ থেরাপিষ্ট যাচাই করে দেখবেন।

আপনার কাউন্সিলের স্থানীয় থেরাপি টীমের মাধ্যমে আপনাকে তার ব্যবস্থা করতে হবে।

টাওয়ার হ্যামলেটস: ০২০ ৭৩৬৪ ৫৯৪৮
হ্যাকনী: ০২০ ৮৩৫৬ ৬২৬২
নিউহ্যাম: ০২০ ৮৪৩০ ২০০০

বিশেষজ্ঞ থেরাপিষ্টগণ সঠিকভাবে আপনার প্রয়োজন নিরূপনের জন্য বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত। এই ধরনের যাচাই বাছাইয়ের জন্য আমাদের কর্মচারীরা প্রশিক্ষণপ্রাপ্ত নন।

আপনাকে কি করতে হবে?

আপনার ঘরে আপনি যাতে সহজে চলা ফেরা করতে পারেন তার জন্য থেরাপিষ্টের পরামর্শ অনুযায়ী আমরা কাজ করব। ছোট ধরনের সমন্বয়ের দরকার হলে আমরা তা ৩০ দিনের মধ্যে করে দিতে পারি।

বড় ধরনের কাজ (যেমন স্টেয়ারলিফট স্থাপন) হলে আপনার আবেদনের সময় ও কাজের ধরনের উপর নির্ভর করে কয়েক মাস লেগে যেতে পারে।

বিশেষজ্ঞ থেরাপি টীম কর্তৃক আমাদের কাছে কাজের সুপারিশ করার পর তাদেরকে আমরা আমাদের প্রতিউত্তর জানাব এবং আমাদের চিঠির একটি কপি আপনার কাছেও পাঠাব যাতে কি ঘটতে যাচ্ছে তা আপনি জানতে পারেন।

অস্বাভাবিক কোন অবস্থা থাকলেই কেবল আমরা কাজ করা বাতিল করব যেমন আমরা যদি দেখি যে আমাদের কাজের ফলে আপনার ঘর যে বিল্ডিং-এ অবস্থিত তার ক্ষতি হতে পারে।

কিভাবে কাজের খরচ বহন করা হয়?

অধিকাংশ ক্ষেত্রে আপনার ঘরের ছোট ছোট কাজগুলোর জন্য আমরাই খরচ বহন করে থাকি।

যদি কোন অকুপেশনাল থেরাপিষ্টের সুপারিশে কাজ করা হয় তাহলে আপনার জন্য আমরা লোকাল কাউন্সিলে ডিসএবলড ফেসিলিটিস গ্রান্টের জন্য আবেদন করব।

আমি যদি সার্ভিসে সন্তুষ্ট না হই তাহলে কি হবে?

অকুপেশনাল থেরাপিষ্ট যেভাবে আপনার প্রয়োজনগুলো নিরূপন করেছেন অথবা আপনার ডিসএবলড ফেসিলিটিস গ্রান্টের আবেদন যেভাবে দেখা হচ্ছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে কাউন্সিলের নিকট আপনাকে অভিযোগ করতে হবে।

আমরা যেভাবে আপনার অনুরোধে সারা দিয়েছি তাতে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আমাদের কাস্টমার সার্ভিস ম্যানেজারের সাথে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে যোগাযোগ করুন। এর পরেও যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আমাদের অভিযোগ প্রক্রিয়া অনুস্মরণ করুন (এর জন্য পৃথক লিফলেট পেতে আমাদের অফিসে আসুন অথবা আমাদের কাছে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন। আপনাকে আমরা এর কপি পাঠিয়ে দেব)।

সহযোগিতা ও সমন্বয় (এইডস এন্ড এ্যাডাপটেশন) কে দেখাশুনা করবেন?

আপনার বাড়িতে যদি কোন সহায়তা বা সমন্বয়মূলক কাজ করা হয় তাহলে স্বাভাবিকভাবেই আমরা তার দেখাশুনা করব। এর জন্য সার্ভিস চার্জের সাথে আমরা আপনার কাছ থেকে প্রয়োজনীয় খরচ নিতে পারি।